

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য সেবা বিভাগ  
প্রশাসন-১ অধিশাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
[www.hsd.gov.bd](http://www.hsd.gov.bd)



অতি জরুরি  
কোভিড-১৯ অগ্রাধিকার

স্মারক নং- ৪৫.০১.০০০০.১৪০.১১.০০২.২০-৭২১

তারিখ: ০৩ জুন ২০২০ খ্রিস্টাব্দ  
২০ জ্যৈষ্ঠ ১৪২৭ বঙ্গাব্দ

বিষয়: কোভিড-১৯ আক্রান্ত রোগীদের জরুরি চিকিৎসা সেবা নিশ্চিত করার স্বার্থে স্বাস্থ্য অধিদপ্তরীয় বিভিন্ন প্রতিষ্ঠান/হাসপাতালে আউট সোর্সিং ২৬৫৪ (দুই হাজার ছয়শত চুয়ান্ন) জন ল্যাব এ্যাটেনডেন্ট, আয়া, ওয়ার্ডবয় ও পরিচ্ছন্নতা কর্মীর সেবা ক্রয়ের প্রশাসনিক অনুমোদন

- সূত্র: (১) স্বাস্থ্য সেবা বিভাগের স্মারক নং-৪৫.০১.০০০০.১৪০.১১.০০২.২০-৬১৮, তারিখ: ০৪/০৫/২০২০ খ্রি.  
(২) স্বাস্থ্য সেবা বিভাগের স্মারক নং-৪৫.০১.০০০০.১৪০.১১.০০২.২০-৬১২, তারিখ: ১৩/০৫/২০২০ খ্রি.  
(৩) স্বাস্থ্য সেবা বিভাগের স্মারক নং-৪৫.০১.০০০০.১৪০.১১.০০২.২০-৬১২, তারিখ: ১৭/০৫/২০২০ খ্রি.  
(৪) স্বাস্থ্য অধিদপ্তরের স্মারক নং-স্বা:অধি:/প্রশা/স:স:-২৪/আউটসোর্সিং/২০২০/২১৩৫, তারিখ: ০২/০৬/২০২০ খ্রি:

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, কোভিড-১৯ আক্রান্ত রোগীদের জরুরি চিকিৎসা সেবা প্রদানের স্বার্থে এবং উদ্ভূত পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখার নিমিত্তে স্বাস্থ্য অধিদপ্তরীয় বিভিন্ন প্রতিষ্ঠান/হাসপাতালসমূহে ২৬৫৪ জন ল্যাব এ্যাটেনডেন্ট, আয়া, ওয়ার্ডবয় ও পরিচ্ছন্নতা কর্মীর সেবা অর্থ বিভাগের সম্মতিক্রমে আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮ এর ৩(৮) অনুচ্ছেদ অনুযায়ী ক্রয়ের বিষয়ে স্বাস্থ্য সেবা বিভাগের ১, ২ ও ৩ নং সূত্রোক্ত স্মারকে প্রশাসনিক অনুমোদন প্রদান করা হয়। উল্লেখ্য, অর্থ বিভাগের ৩০/০৪/২০২০ তারিখের ০৭.০০.০০০০.১৫৬.১৫.০১৪.২০২০-২৪৪ সংখ্যক স্মারকে আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮ এর ৩(৮) অনুচ্ছেদ অনুযায়ী (সেবা ক্রয়কারী প্রয়োজনে, অর্থ বিভাগের সম্মতি গ্রহণপূর্বক সেবা সরবরাহকারী প্রতিষ্ঠান ব্যতীত সরাসরি সেবা প্রদানকারীর সঙ্গে সেবা ক্রয়ের চুক্তি সম্পাদন করতে পারবে) বর্ণিত ২৬৫৪ জন সেবা কর্মীর সেবা ক্রয়ের বিষয়ে সম্মতি রয়েছে (কপি সংযুক্ত)।

২। এমতাবস্থায়, ইতিপূর্বে প্রেরিত পত্রের আলোকে আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮ এর ৩(৮) অনুচ্ছেদ অনুযায়ী (কপি সংযুক্ত) সেবা কর্মীর সেবা ক্রয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

সংযুক্তি: বর্ণনামতে।

(খন্দকার জাকির হোসেন)

উপসচিব

ফোন: ৯৫৭৭৯৮৫

[admin1@hsd.gov.bd](mailto:admin1@hsd.gov.bd)

মহাপরিচালক

স্বাস্থ্য অধিদপ্তর

মহাখালী, ঢাকা {দৃঃআঃ পরিচালক (প্রশাসন)}

অনুলিপি:

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ২। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৩। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)